

Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | দেশজুড়ে | 10 April, 2025

নোয়াখালীর বেগমগঞ্জ কবরস্থানের জায়গা দখল করে দালান নির্মাণের অভিযোগ পাওয়া গেছে।

বুধবার (৯ এপ্রিল) লিখিত অভিযোগ পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করে বেগমগঞ্জ থানার উপপরিদর্শক (এসআই) মশিউর রহমান। এর আগে, উপজেলার নরোত্তমপুর ইউনিয়নের বকশি মিঞার পুরাতন বাড়ি এলাকায় এ ঘটনা ঘটে। এ ঘটনায় বকশি মিঞার পুরাতন বাড়ির বাসিন্দা ভুক্তভোগী মানবিক সংগঠন প্রতিবাদী কঠোর প্রতিষ্ঠাতা সভাপতি মো.আজিম (৪৫) একই বাড়ির জামাল উদ্দিন ওরফে খোকনকে (৬২) বিবাদী করে থানায় লিখিত অভিযোগ দেন।

ভুক্তভোগী ও লিখিত অভিযোগ সূত্রে জানা যায়, বকশি মিঞার বাড়ির পারিবারিক কবরস্থানে ১৬০০ একর সম্পদের অধিকারী বকশি মিঞাসহ উনার ওয়ারিশরা চিরনিদ্রায় শায়িত আছেন। ২০২৪ সালের শেষ দিকে ও ২০২৫ সালের প্রথম দিকে সন্ত্রাসী ও চাঁদাবাজ বাহিনী নিয়ে ফ্যাসিবাদী সরকারের আমলে একই বাড়ির জামাল উদ্দিন ওরফে খোকন পারিবারিক কবরস্থানের মধ্যে জোর করে ধাপে ধাপে দালান নির্মাণ করে। তখন ফ্যাসিবাদী আওয়ামী সরকারের ভাড়াটে মাস্তানদের ভয়ে কেউ দালান নির্মাণে বাধা দিতে পারেনি।

জানতে চাইলে জামাল উদ্দিন ওরফে খোকনকে অভিযোগ নাকচ করে দিয়ে বলেন, যেখানে আমার দালান নির্মাণ করা হয়েছে সেখানে আমাদের বাড়ির কোনো পারিবারিক কবরস্থান ছিলনা। আমার বাবা ও আমি এখানে কবরস্থান দেখিনি। আমার দাদাও বলতে পারেনি বকশি মিঞার কবরস্থান কোথায়। তিনি প্রায় ৩৫০ বছর আগে মারা যায়।

বেগমগঞ্জ থানার উপপরিদর্শক (এসআই) মশিউর রহমান বলেন, অভিযোগ পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে। স্থানীয়দের সাথে কথা বলে ও সরেজমিনে দালানের জায়গায় কবরস্থানের কোনো অস্তিত্ব পাওয়া যায়নি। বাদীর মনোনীত লোক জানিয়েছে ১৫০ বছর আগে এখানে বকশি মিঞার কবর ছিল। কুমিল্লা থেকে এক ব্যক্তি এসে কবর জিয়ারত করে যেত।

নোয়াখালী দালান নির্মাণ মানবিক সংগঠন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 21:52

URL: <https://timestodaybd.com/across-the-country/775807536>